



## বিআইডব্লিউটিএ

বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০৫/২০১৭

তারিখঃ ০৪/০৪/২০১৭ ইং।

এতদ্বারা নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সকল নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৯/০৩/১৭ইং তারিখে ডুবোচরে বাধাপ্রাপ্ত হয়ে “এমভি সাগর শাপলা, এম নং ১৫৪০৩, মেসার্স হেলাল শিপিং লাইন্স, আশুগঞ্জ, বি-বাড়ীয়া” নামক জাহাজটি কয়লা বোঝাই (আনুমানিক ৭০০ টন) অবস্থায় চট্টগ্রাম হতে দাউদকান্দি যাওয়ার পথে ভাষানচর-১ বয়া হতে ৫০০ মিঃ উত্তর পূর্ব দিকে (২২° ১৫.২১০ উত্তর ও ৯১°৩০.৭১১ পূর্ব অবস্থানে) সকাল আনুমানিক ১০.৩০ ঘটিকায় নিমজ্জিত হয়। নৌ-দূর্ঘটনা এড়ানোর লক্ষ্যে সকল নৌ-যানকে চট্টগ্রাম হতে আজাদবাজার যাওয়ার পথে ভাষানচর-১ বয়াকে হাতের ডানে এবং আজাদবাজার হতে চট্টগ্রাম যাওয়ার পথে উক্ত বয়াকে হাতের বামে রেখে বিআইডব্লিউটিএ’র মাষ্টার পাইলট নিয়ে মূল চ্যানেল দিয়ে অত্যন্ত সাবধানতার সহিত চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

- \* নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- \* পথিমধ্যে কাল বৈশাখী/স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
- \* আবহাওয়া সংকেত মেনে নৌ-যাত্রা করুন।
- \* দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।

পরিচালক

নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ  
বানৌপক, ঢাকা।